গ্রামীণ শিক্ষা

প্রধান কার্যালয়, টেলিকম ভবন, মিরপুর - ১, ঢাকা - ১২১৬, ফোন : ৮৮-০২-৪৪৮০২০৫৮ ফ্যাক্স: ৮৮-০২-৪৪৮০২০৫৮, ই-মেইল: nurjahan-gs@grameen.org

সূত্র: গ্রাশি/পক/জাঅ/২০২৪-২৬৯ ১৫ মে ২০২৪

**জাপান অটোমেকানিক স্কুলে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ছাত্র ভর্তির বিজ্ঞপ্তি**

জাপান অটোমেকানিক লিঃ (একটি সামাজিক ব্যবসা) ও গ্রামীণ শিক্ষা থেকে সকলকে স্বাগতম।

জাপান অটোমেকানিক স্কুল, সকলেই অবগত আছেন, এসকে ড্রিম, জাপান, গ্রামীণ শিক্ষা এবং র‍্যাংগস ওয়ার্কশপ লিঃ কর্তৃক যৌথভাবে প্রতিষ্ঠিত একটি আন্তর্জাতিক মানের অটোমেকানিক প্রশিক্ষণ স্কুল। এই স্কুলটি বাংলাদেশের দরিদ্র পরিবারের তরুণদের জাপানী মানের এক বছর মেয়াদী উচ্চমানের পেশাগত অটোমেকানিক ও জাপানী ভাষা শিক্ষা প্রশিক্ষণ প্রদান করে আসছে যাতে প্রশিক্ষণ সমাপ্ত করার পর ছাত্ররা জাপান সরকারের TITP (Technical Internship Training Program) কর্মসূচির অধীনে জাপানে অটো-মেকানিক ক্ষেত্রে চাকরির সুযোগ পেতে পারে। এই স্কুলের ৯ম ব্যাচ অর্থাৎ ২০২৪-২০২৫ সেশনে ভর্তির জন্য দরিদ্র পরিবারের তরুণদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা হচ্ছে। কঠোর পরিশ্রম ও স্ব-স্ব ছাত্রের ব্যক্তিগত যোগ্যতার ভিত্তিতে একজন ছাত্র অটো-মেকানিক্স ও জাপানী ভাষায় দক্ষতা অর্জন করে জাপানে কাজ করার সুযোগ পেতে পারে। বর্তমানে শুধু ছাত্ররা এই প্রশিক্ষণের জন্য আবেদন করতে পারবে।

নিচে প্রশিক্ষণ কর্মসূচির বিস্তারিত উল্লেখ করা হলো:

১. **নির্বাচিত প্রার্থীদের প্রশিক্ষণে যোগদানের তারিখ:** ১ সেপ্টেম্বর ২০২৪

২. **প্রশিক্ষণের মেয়াদ:** প্রশিক্ষণ দুই পর্বে বিভক্ত থাকবে:

**ক) বেসিক প্রশিক্ষণ:** ১ বছর (সেপ্টেম্বর ২০২৪ থেকে আগস্ট ২০২৫): এই পর্বে শিক্ষার্থীরা অভিজ্ঞ জাপানী প্রশিক্ষকের তত্ত্বাবধানে এবং প্রশিক্ষণ এলাকায় বাণিজ্যিক ওয়ার্কশপে কাজ করার মধ্য দিয়ে অটোমিকানিক বিষয়ে তাত্ত্বিক ও ব্যবহারিক জ্ঞান লাভ করবে এবং একই সাথে পেশাদার জাপানী ভাষা শিক্ষকের নিকট থেকে জাপানী ভাষার উপর প্রশিক্ষণ গ্রহণ করবে। পুরো প্রশিক্ষণের সময় ছাত্রকে ডরমিটরীতে অবস্থান করতে হবে।

**খ) পোস্ট গ্র্যাজুয়েশন:** ৬ মাস (সেপ্টেম্বর ২০২৫ থেকে ফেব্রুয়ারী ২০২৬)। জাপান অটোমেকানিক স্কুল থেকে গ্র্যাজুয়েশন সমাপ্ত করার পর TITP কাঠামোর অধীনে বাংলাদেশের প্রেরণকারী এজেন্ট ও জাপানের গ্রহণকারী এজেন্ট উভয়ের তত্ত্বাবধানে পোস্ট গ্র্যাজুয়েশন প্রশিক্ষণ প্রদান করা হবে। গ্র্যাজুয়েশন সফলভাবে সমাপনকারী ছাত্ররা TITP-র প্রস্তুতির উদ্দেশ্যে পোস্ট গ্র্যাজুয়েশন সম্পন্ন করার জন্য স্কুলের ডরমিটরীতে অবস্থান করতে পারবে। কেবলমাত্র জাপানে নিয়োগকারীদের দ্বারা বাছাইকৃত ছাত্ররাই TITP-র জন্য আবেদন করতে পারবে।

৩. **সার্টিফিকেট:** বেসিক কোর্স সমাপ্তির পর অটোমেকানিক পরীক্ষার তাত্ত্বিক ও ব্যবহারিক উভয় পর্বে উত্তীর্ণ হলে প্রশিক্ষণার্থীকে অটোমেকানিক্স এর উপর এবং সার্টিফায়েড জাপানী ভাষা পরীক্ষায় উত্তীর্ণ হলে (লেভেল N-4) ছাত্রকে জাপান অটোমেকানিক স্কুল থেকে গ্র্যাজুয়েশন সনদপত্র প্রদান করা হবে।

৪. **ছাত্রদের জন্য অবশ্য পালনীয় কঠোর নিয়ম-নীতি:** প্রত্যেক শিক্ষার্থীকে সর্বোচ্চ দক্ষতা অর্জনে কঠোর পরিশ্রম করতে হবে। প্রতি সেমিস্টার পরীক্ষায় কমপক্ষে ৬০% নম্বর পেতে ব্যর্থ হলে ছাত্রকে শুধু আরেকবার পরীক্ষার সুযোগ দেয়া হবে। এর অর্থ পুরো সেমিস্টারের পরীক্ষা আবার দিতে হবে। দ্বিতীয় পরীক্ষায়ও ফেল করলে তাকে স্কুল ত্যাগ করতে হবে।

**জাপানী ভাষা:** প্রত্যেক ছাত্রকে সার্টিফায়েড জাপানী ভাষা পরীক্ষায় অংশ নিতে হবে (লেভেল N-4) এবং N-4 সার্টিফিকেট অর্জন করতে হবে।

৫. **রেজিস্ট্রেশন ও প্রশিক্ষণ ফি:** চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে প্রশিক্ষণ শুরুর পূর্বেই রেজিস্ট্রেশন ফি বাবদ ৩,০০০/- টাকা পরিশোধ করতে হবে। প্রশিক্ষণ ফি-র পরিমাণ বাৎসরিক ৭,৪০,০০০/- টাকা যা প্রশিক্ষণ সমাপ্তির পর প্রদান করতে হবে। তবে ছাত্ররা "ডানা এশিয়া স্কলারশীপ লোন"-এর সুযোগ পাবে যা ছাত্রকে জাপানে কাজের সুযোগ পেলে বেতন পাবার পর সুদসহ নিজ দায়িত্বে পরিশোধ করতে হবে।

কোন ছাত্র জাপানে কাজের সুযোগ পেলে তার সর্বসাকুল্যে বেতন হবে প্রায় ১০০,০০০/- টাকার সমপরিমাণ। তাকে চাকরির বেতন থেকে মাসিক ২৩,৩৩৩/- টাকা (প্রায় ৩০,০০০ জাপানী ইয়েন, তবে এটা সে-সময়কার টাকা ও ইয়েনের বিনিময় হারের উপর নির্ভর করবে) করে ৩৬ মাসে এই ঋণ পরিশোধ করতে হবে। তবে এই পরিমাণটি আনুমানিক; ছাত্র জাপানে যাবার সময় বৈদেশিক মুদ্রা বিনিময় হার ও অন্যান্য বিষয়সমূহের ভিত্তিতে পরিশোধযোগ্য টাকার পরিমাণ চূড়ান্ত করা হবে।

৬. **আবাসন, খাদ্য ও ইউনিফর্ম:** পুরো প্রশিক্ষণ কোর্সের জন্য প্রত্যেক প্রশিক্ষণার্থীর আবাসন, খাবার ও ইউনিফর্মের খরচ জাপান অটোমেকানিক স্কুল প্রদান করবে। তবে জাপান অটোমেকানিক স্কুল কোন চিকিৎসা খরচ বহন করবে না।

৭. **আচরণ ও নৈতিক মানদন্ড:** হোস্টেলে প্রশিক্ষণার্থীকে উত্তম নৈতিক আচরণ অনুসরণ করতে হবে এবং জাপান অটোমেকানিক স্কুলের ও হোস্টেলের যাবতীয় নিয়ম ও নির্দেশনাবলী কঠোরভাবে মেনে চলতে হবে। প্রত্যেক ছাত্রকে উঁচু মানের শৃংখলা আয়ত্ব করতে হবে যাতে তারা সর্বোচ্চ মানের শিক্ষা গ্রহণ করতে পারে এবং জাপানী মানের কর্মপরিবেশে কাজ করার যোগ্যতা অর্জন করতে পারে। অসদাচরণ ও শৃংখলা পরিপন্থী কাজ করলে স্কুল থেকে বহিস্কার করা হবে। প্রশিক্ষণার্থীদেরকে তাদের আবাসস্থল পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে এবং হোম ওয়ার্ক নিয়মিত সম্পন্ন করতে হবে।

গ্রামীণ শিক্ষা
মিরপুর
ঢাকা
প্রধান কার্যালয়

৮. **আবেদনকারীর ন্যুনতম শিক্ষাগত যোগ্যতা:** এসএসসি বা সমমানের পরীক্ষায় ন্যুনতম জিপিএ ৩.০০ সহ পাশ। ইংরেজী ভাষা এবং বিজ্ঞান/সাধারণ বিজ্ঞান বিষয়ে অধিকতর নম্বর প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে। এছাড়া অটোমোবাইল বিষয়ে বিশেষ আগ্রহ আছে এমন ছাত্রদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। তবে জাপান সরকারের TITP (Technical Internship Training Program) কর্মসূচিতে যোগদানের জন্য আবেদনকারীর ন্যুনতম শিক্ষাগত যোগ্যতা এইচএসসি হওয়ায় TITP পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন করার পূর্বে ছাত্রকে অবশ্যই নিজ উদ্যোগে এইচএসসি পাশ করে এইচএসসি পাশের সনদপত্র সংগ্রহ করতে হবে। সেক্ষেত্রে জাপান অটোমেকানিক স্কুলের কোর্স শেষ হবার পর TITP পরীক্ষায় অংশগ্রহণ করতে এক বছর বিলম্ব হতে পারে।

৯. **আবেদনের সর্বশেষ তারিখ ও প্রক্রিয়া:** সংযুক্ত আবেদন ফরম পূরণ করে আবেদনকারীর এসএসসি ও এইচএসসি/সমমান পরীক্ষার সার্টিফিকেট ও মার্কশীটের সত্যায়িত ফটোকপি, ৩ কপি পাসপোর্ট সাইজের রঙীণ ছবি এবং জাতীয় পরিচয়পত্র/জন্মসনদের সত্যায়িত ফটোকপি সহ ৬ জুন ২০২৪ তারিখের মধ্যে ব্যবস্থাপনা পরিচালক, গ্রামীণ শিক্ষা, প্রধান কার্যালয়, টেলিকম ভবন (৪র্থ তলা), ৫৩/১ বক্স নগর, চিড়িয়াখানা রোড, মিরপুর-১, ঢাকা-১২১৬ বরাবরে প্রেরণ করতে হবে। আবেদন ইমেইল যোগেও nurjahan-gs@grameen.org-এই ঠিকানায় পাঠানো যাবে। কেবলমাত্র বাছাইকৃত প্রার্থীদের পরীক্ষার জন্য ডাকা হবে এবং ২৪ জুন ২০২৪ তারিখের মধ্যে অবহিত করা হবে।

১০. **প্রার্থীর বয়স:** ০১/১২/২০২৪ তারিখে প্রার্থীর বয়স ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। প্রার্থীকে অবশ্যই শারীরিকভাবে সুস্থ ও রোগমুক্ত হতে হবে। পরীক্ষার সময়ে প্রার্থীর স্বাস্থ্য পরীক্ষা গ্রহণ করা হবে।

১১. **পরীক্ষার সময় ও পরীক্ষার স্থান: ৬ জুলাই ২০২৪ শনিবার** সকাল ৮.০০টা থেকে বিকাল ৪.০০টা পর্যন্ত লিখিত, মৌখিক ও স্বাস্থ্য পরীক্ষা ঢাকায় (পরীক্ষার স্থান যথাসময়ে অবহিত করা হবে) অনুষ্ঠিত হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার খরচ প্রদান করা হবে না। পরীক্ষায় চূড়ান্তভাবে উত্তীর্ণদের মধ্য থেকে আরো বাছাই প্রক্রিয়ার মাধ্যমে নির্ধারিত সংখ্যক প্রার্থীকে প্রশিক্ষণ কর্মসূচিতে যোগদানের সুযোগ দেয়া হবে। এ বিষয়ে জাপান অটোমেকানিক স্কুলের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

**পরীক্ষার** সর্বমোট নম্বর - ২০০ :

১) ইংরেজী - ১০০ (মৌলিক ব্যাকরণ)
২) সাধারণ গণিত - ১০০।

১২. **স্থানীয় নিয়োগ:** জাপান অটোমেকানিক স্কুলের প্রশিক্ষণ শেষ করার পর কোনো ছাত্র স্থানীয়ভাবে কাজে বা চাকরিতে নিযুক্ত হলে সেক্ষেত্রে তাকে প্রশিক্ষণ খরচ বাবদ সর্বমোট ৬০,০০০/-(ষাট হাজার) টাকা সে আয় শুরু করার পর ২৪টি মাসিক কিস্তিতে পরিশোধ করতে হবে। এ বিষয়ে ছাত্রের অভিভাবককে প্রশিক্ষণ শুরু করার পূর্বেই লিখিত প্রত্যয়ন দিতে হবে।

১৩. **প্রশিক্ষণ কোর্স থেকে ড্রপ-আউট হলে ছাত্রর দায়িত্ব:** কোনো ছাত্র প্রশিক্ষণ শেষ করার পূর্বে জাপান অটোমেকানিক স্কুল ত্যাগ করলে বা স্কুল থেকে বহিষ্কৃত হলে সে যত মাস প্রশিক্ষণ গ্রহণ করেছে তার প্রতি মাসের জন্য ৫,০০০/- টাকা হারে তার জন্য ব্যয়কৃত অর্থ পরিশোধ করতে হবে। এ বিষয়ে ছাত্রকে ও তার অভিভাবককে লিখিত প্রতিশ্রুতি দিতে হবে।

১৪. **গ্র্যাজুয়েশন:** জাপান অটোমেকানিক স্কুলের ছাত্রদেরকে উঁচু মানের জাপানী প্রশিক্ষণ প্রদান করা হবে এবং সফলভাবে প্রশিক্ষণ সমাপ্তকারীদেরকে গ্র্যাজুয়েশন সনদপত্র প্রদান করা হবে।

১৫. **কাজের সুযোগ:** জাপান অটোমেকানিক স্কুলের প্রশিক্ষণ শেষ করার পর কোন ছাত্র TITP পরীক্ষায় অংশগ্রহণের উদ্দেশ্যে পোস্ট গ্র্যাজুয়েশন পর্যায়ের প্রশিক্ষণের জন্য স্কুলের ডরমিটরীতে অবস্থান করতে পারবে। শুধুমাত্র নিয়োগকারীদের বাছাইতে উত্তীর্ণ হবার পরই এজন ছাত্র জাপানে TITP-তে আবেদন করতে পারবে। TITP পরীক্ষায় চূড়ান্তভাবে উত্তীর্ণ ছাত্র আনুমানিক এপ্রিল ২০২৬ থেকে জাপানে কাজ করতে যেতে পারবে। এক্ষেত্রে উত্তীর্ণ শিক্ষার্থী প্রথমে ৩ (তিন) বছরের জন্য ইন্টার্ণ হিসেবে TITP-র নির্ধারিত শর্তে জাপানে কাজের সুযোগ পাবে। এপর্ব সফলভাবে শেষ করার পর বিশেষ শর্তাধীনে জাপানে কাজ করার সময় আরো ২ (দুই) বছর বর্ধিত করা হতে পারে।

১৬. **ডিসক্লেইমার:** জাপান অটোমেকানিক স্কুল প্রশিক্ষণ শেষে ছাত্রদেরকে দেশে বা জাপানে চাকরির গ্যারান্টি দেয় না। গ্র্যাজুয়েশনের পর TITP-র সাক্ষাৎকার / বাছাই এবং আবেদন প্রক্রিয়া জাপানে প্রেরণকারী বাংলাদেশী এজেন্ট এবং গ্রহণকারী জাপানী এজেন্ট দ্বারা পরিচালিত বলে জাপান অটোমেকানিক স্কুল TITP প্রক্রিয়ায় কোনো ছাত্রের সাফল্যের গ্যারান্টি দিতে পারে না। তাছাড়া জাপানে কোনো গ্র্যাজুয়েটের বেতনও সম্পূর্ণরূপে নিয়োগকারীর উপর নির্ভরশীল। এছাড়া জাপান অটোমেকানিক স্কুল যে কোনো সময়ে কোনো নোটিশ ছাড়াই এই চিঠির বিষয়বস্তু/শর্তাবলীতে যে-কোনো পরিবর্তন করার অধিকার সংরক্ষিত রাখে।

গ্রামীণ শিক্ষা
মিরপুর
ঢাকা
প্রধান কার্যালয়
১৫/৪/২০২৪

গ্রামীণ শিক্ষা
প্রধান কার্যালয়
মিরপুর, ঢাকা-১২১৬।

গ্রামীণ শিক্ষা প্রধান কার্যালয় মিরপুর ঢাকা ১৪/৪/২০২৪

তারিখঃ

## জাপান অটোমেকানিক স্কুলে অটোমেকানিক প্রশিক্ষণ কর্মসূচিতে ভর্তির আবেদন ফরম

১. আবেদনকারীর নামঃ

২. পিতার নামঃ জাতীয় পরিচয়পত্র নংঃ

৩. মাতার নামঃ জাতীয় পরিচয়পত্র নংঃ

৪. বর্তমান ঠিকানা - গ্রামঃ... ... ... ... ... ... ... ..., পোঃ... ... ... ... ... ... ..., উপজেলাঃ... ... ... ... ... ... ..., জেলাঃ... ... ... ...

৫. স্থায়ী ঠিকানা - গ্রামঃ... ... ... ... ... ... ... ..., পোঃ... ... ... ... ... ... ..., উপজেলাঃ... ... ... ... ... ... ..., জেলাঃ... ... ... ... ...

৬. গ্রামীণ সদস্য পরিবারভুক্ত হলে - সদস্যর নামঃ ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ..., আবেদনকারীর সাথে সম্পর্কঃ... ... ... ... ...
কেন্দ্র নংঃ... ... ... , গ্রুপ নংঃ... ... ... , শাখার নামঃ... ... ... ... ... ... ... ... ... ... ... , যোনঃ... ... ... ... ... ... ... ... ... ... ... .

৭. আবেদনকারীর জন্ম তারিখঃ ... ... ... ... ... ... ... ... , উচ্চতাঃ ... ... ... ফুট ... ... ... ইঞ্চি

৮. জাতীয় পরিচয়পত্র (যদি থাকে) বা জন্ম সনদ নংঃ

৯. শিক্ষাগত যোগ্যতাঃ এসএসসিঃ সাল... ... ... ..., জিপিএ... ... ... ..., বোর্ডঃ... ... ... ... ... ... ... ...
এইচএসসিঃ সাল... ... ... ..., জিপিএ... ... ... ..., বোর্ডঃ... ... ... ... ... ... ... ...
বিশেষ যোগ্যতা (যদি থাকে):

১০. পরিবারের আর্থ-সামাজিক অবস্থার বিবরণঃ
ক) পিতার শিক্ষাগত যোগ্যতা (শ্রেণী):... ... ... ... , পেশাঃ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ..., মাসিক আয়ঃ... ... ... ... ... ...
খ) মাতার শিক্ষাগত যোগ্যতা (শ্রেণী):... ... ... ... , পেশাঃ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ..., মাসিক আয়ঃ... ... ... ... ... ...
গ) পরিবারের মোট সদস্য সংখ্যাঃ... ... ... ... জন, পরিবারের মোট মাসিক আয়ঃ .. ... ... ... ... ... ... ...
ঘ) পরিবারের মোট আবাদযোগ্য জমির পরিমাণঃ... ... ... ... ... .. শতাংশ
ঙ) বাড়ী-ভিটার জমির পরিমাণঃ ... ... ... শতাংশ, চ) ঘরের বিবরণ (কিসের তৈরী): চাল... ... ..., দেয়াল... ... ..., মেঝে... ... ...

১১. আপনি কেন অটোমেকানিক টেকনিসিয়ান প্রশিক্ষণ গ্রহণ করতে চান?

১২. বর্তমানে আপনি কী করছেন তার বিবরণ দিন।

১৩. আপনি কি সম্প্রতি কোন স্থায়ী বা জটিল অসুখে ভুগেছেন? ভুগে থাকলে তার বিবরণ দিন।

আমি এ মর্মে প্রত্যয়ন করছি যে, উপরে আমার ও আমার পরিবার সম্পর্কে যে তথ্য দিয়েছি তা সঠিক।

আমি জাপান অটোমেকানিক লিঃ-এর ওয়ার্কশপ ও ট্রেনিং সেন্টারের ১৯ মাসের প্রশিক্ষণ কর্মসূচিতে যোগদান করতে ইচ্ছুক। আমি এই মর্মে প্রতিশ্রুতি প্রদান করছি যে, প্রশিক্ষণে যোগদানের পর আমি জাপান অটোমেকানিক স্কুলের নিয়মাবলী মেনে চলবো এবং প্রশিক্ষণ শেষ না হওয়া পর্যন্ত প্রশিক্ষণ কর্মসূচি ত্যাগ করবো না; কোন কারণে ত্যাগ করলে আমি আমার প্রশিক্ষণের জন্য ব্যয়কৃত সমুদয় টাকা জাপান অটোমেকানিক স্কুলকে পরিশোধ করতে বাধ্য থাকবো।

আবেদনকারীর স্বাক্ষরঃ আবেদনকারীর পিতা/মাতার প্রতিস্বাক্ষরঃ

মোবাইল ফোন নংঃ মোবাইল ফোন নংঃ

---

উপরোক্ত আবেদনপত্রটি অগ্রায়ণ করা হলো।

স্বাক্ষরঃ

ব্যবস্থাপক

গ্রামীণ ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... (গ্রামীণ প্রতিষ্ঠানের নাম)

... ... ... ... ... ... ... ... ... ... ... শাখা / অফিস (সীল)

মোবাইল ফোন নং-